

সিএনজি ফিলিং স্টেশন স্থানান্তরের অনুমোদন প্রক্রিয়া

চলমান সিএনজি ফিলিং স্টেশন স্থানান্তরের অনুমোদন গ্রহণের জন্য আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি (সত্যায়িত/নোটারী পাবলিক করে) দাখিল করতে হবে :

১।	ট্রেড লাইসেন্স (হাল নাগাদ)।	
২।	জাতীয় পরিচয় পত্র ও আবেদনকারীর ২কপি পাসপোর্ট সাইজ ছবি	
৩।	টি আই এন (হাল নাগাদ)	
৪।	জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)	
৫।	যৌথ মালিকানার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে)	
৬।	স্টেশনের নকশার বিস্তারিত তথ্যাদি	
৭।	ক) দলিলের সত্যায়িত কপি খ) মৌজাম্যাপের সত্যায়িত কপি গ) নামজারির সত্যায়িত কপি ঘ) খাজনার সত্যায়িত কপি ঙ) বন্টননামার কপি (প্রযোজ্য ক্ষেত্রে) চ) চুক্তি পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)	ব্যক্তিমালিকানাধীন জমির ক্ষেত্রে
৮।	বরাদ্দ পত্রের কপি চুক্তি পত্রের কপি জমির অনুমোদিত নকশা	সরকারী জমির ক্ষেত্রে
৯।	গ্যাস বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র।	
১০।	বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র	
১১।	প্রবেশ পথ ব্যবহারের লক্ষ্যে সওজের অনুমোদন এবং চুক্তিনামা। প্রবেশ পথের অনুমোদিত নকশা।	প্রবেশ পথের অনুমোদন।
১২।	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনাপত্তি পত্র।	
১৩।	সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনাপত্তি।	
১৪।	সিটি কর্পোরেশন/পৌরসভা /ইউনিয়ন পরিষদের অনাপত্তি।	
১৫।	বিস্ফোরক অধিদপ্তরের প্রাক অনুমোদন।	
১৬।	ঢাকা মেট্রোপলিটান পুলিশ (ট্রাফিক) বিভাগের অনাপত্তি (ঢাকা মহানগরীর ক্ষেত্রে প্রযোজ্য)।	
১৭।	রাজউক এর ভূমি ব্যবহারের ছাড়পত্র (ঢাকা মহানগরীর ক্ষেত্রে প্রযোজ্য)।	
১৮।	পরিবেশ অধিদপ্তরের ভূমির অবস্থানগত ছাড়পত্র।	
১৯।	অন্য উদ্দেশ্যে বরাদ্দকৃত সরকারী জমিতে সিএনজি স্টেশন স্থাপন বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনাপত্তি।	
২০।	তৈল বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র (পেট্রোলপাম্প আঙ্গিনায় সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের ক্ষেত্রে প্রযোজ্য)।	

- ক) আবেদনকারী কর্তৃক উপরোক্ত তথ্যাদি দাখিল সাপেক্ষে দাখিলকৃত পর্যালোচনা পূর্বক কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে সিএনজি ফিলিং স্টেশনের জন্য প্রস্তাবিত সাইটটি সাইট পরিদর্শন কমিটি কর্তৃক পরিদর্শন করা হয়।
- খ) পরিদর্শনকৃত রিপোর্ট কর্তৃপক্ষের নিকট সার্বিক বিবেচনায় গ্রহণযোগ্য হলে তা ঢাকা মহানগরীর বাহিরে সিএনজি রিফুয়েলিং স্টেশন ও যানবাহন রূপান্তর কারখানা স্থাপনের অনুমতি প্রদানের নিমিত্তে গঠিত ইন-হাউজ কমিটির সভায় উপস্থাপন করা হয়।
- গ) ইন-হাউজ কমিটি সার্বিকদিক পর্যালোচন পূর্বক সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের অনুমোদন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।
- ঘ) ইন-হাউজ কমিটি উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের সরকারী অনুমোদন/অনাপত্তি প্রদান করা হয়।